লেন্স এশিয়া

LENS ASIA

২১ অক্টোবর, ২০২৫

# দশম দিনে বেসরকারি এমপিওভুক্ত শিক্ষকদের আন্দোলন অব্যাহত



সংগৃহীত ছবি

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা বাড়িভাড়া ভাতা ২০ শতাংশ বৃদ্ধি সহ তিন দফা দাবিতে আন্দোলন চালিয়ে যাচ্ছেন। টানা দশম দিনের মতো আজও চলছে তাদের অবস্থান ও সমাবেশ।

কেন্দ্রীয় শহীদ মিনারে সকাল থেকেই শুরু হয় শিক্ষকদের অবস্থান কর্মসূচি। বেলা ১১টার দিকে এনসিপি নেতারা এই আন্দোলনে সংহতি প্রকাশ করবেন।

বেলা সাড়ে বারোটায় মুখে কালো কাপড় বেঁধে শাহবাগে অবস্থান নেয়ার কর্মসূচি রয়েছে। এর আগে, গতকাল নবম দিনের মতো তারা কেন্দ্রীয় শহীদ মিনারে আমরণ অনশন ও শিক্ষক সমাবেশের মাধ্যমে তাদের দাবির পক্ষে অবস্থান নিয়েছিলেন। আন্দোলনরত শিক্ষকরা জানান, অনশন-বিক্ষোভের পরও দাবি মেনে নেওয়ার কোন আশ্বাস পাওয়া যায়নি। তাই তারা আন্দোলন আরও তীব্র করার হুঁশিয়ারি দেন।

গত ৩০ সেপ্টেম্বর সরকার বাড়িভাড়া ৫০০ টাকা বৃদ্ধির ঘোষণা করলেও, ৫ অক্টোবর তা প্রকাশের পর শিক্ষক-কর্মচারীরা তা প্রত্যাখ্যান করে আন্দোলনের ডাক দেন। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় বাড়িভাড়া ভাতা অন্তত দুই থেকে তিন হাজার টাকা করার প্রস্তাব অর্থ বিভাগে পাঠায়।

রোববার বিকেল সাড়ে ৩টার দিকে 'ভুখা মিছিল' কর্মসূচি বাধাগ্রস্ত হয়। শহীদ মিনার থেকে শিক্ষা ভবনের দিকে যাত্রা শুরু করলে হাইকোর্টের মাজার গেটে পুলিশ ও বিজিবি বাধার মুখে পড়েন আন্দোলনকারীরা। পরে বিকেল পৌনে ৫টার দিকে তারা শহীদ মিনারে ফিরে অবস্থান কর্মসূচি পুনরায় শুরু করেন। সন্ধ্যায় অনুষ্ঠিত সমাবেশে এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাশী জোটের সদস্যসচিব দেলাওয়ার হোসেন আজিজী আমরণ অনশন কর্মসূচির ঘোষণা দেন।

LENS ASIA